যুগান্তর

তারিখ . 06 DEC 2015
পৃষ্ঠা 2 কলাম 2

বাকৃবিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

# জালিয়াতির দায়ে ঢাবি শিক্ষার্থীর কারাদণ্ড

বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা শনিবার অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টায় এবং বেলা ১২টায় এক ঘণ্টা করে দুই শিফটে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ সময় জালিয়াতির দায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) এক শিক্ষার্থীকে এক বছরের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। দণ্ডপ্রাপ্ত রাসেল সোহরাব ঢাবির ফার্মেসি বিভাগের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী বলে জানা গেছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, বেলা ১২টায় দ্বিতীয় শিফটের পরীক্ষা চলাকালে কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ২২৫নং কক্ষে ওই শিক্ষার্থী কাওসার হামিদ কল্লোল নামে অন্য এক শিক্ষার্থীর হয়ে পরীক্ষা দিচ্ছিল। এ সময় ওই কক্ষের দায়িত্বরত শিক্ষক স্বাক্ষর শিটের ছবির সঙ্গে ওই শিক্ষার্থীর চেহারার মিল না পাওয়ায় তাকে প্রক্টরের কাছে হস্তান্তর করেন। পরে ভ্রাম্যমাণ আদালতের ম্যাজিস্ট্রেট মো. আল আমিন ওই শিক্ষার্থীকে বিনাশ্রম এক বছরের কারাদণ্ড এবং এক হাজার টাকা জরিমানা করেন। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. একেএম জাকির হোসেন বলেন, ভুয়া সনদ ও প্রবেশপত্র পাওয়ায় ওই শিক্ষার্থীর বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত এক বছরের কারাদণ্ড ও এক হাজার টাকা জরিমানা করেছেন।